গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১১৭

# রাজশাহীতে লালনের ১৩৫তম তিরোধান দিবস পালিত

রাজশাহী; ১কার্তিক (১৭ অক্টোবর):

রাজশাহীতে পালিত হয়েছে লালন সাঁই এর ১৩৫তম তিরোধান দিবস। এ উপলক্ষে আজ শুক্রবার (১৭ অক্টোবর) সন্ধ্যায় নগরীর দরগাপাড়াস্থ লালন শাহ্ মুক্তমঞ্চে রাজশাহী জেলা প্রশাসন 'লালন সাঁইয়ের তিরোধান দিবস পালন' অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা জানি  লালন শাহ্ ১৩৫ বছর আগে মারা গেছেন এবং তিনি প্রায় ১১৬ বছর বেঁচে ছিলেন। কুষ্টিয়া, ঝিনাইদহসহ বিভিন্ন জায়গায় ছিল তাঁর বসবাস। অসংখ্য গান রচনা করেছিলেন তিনি। লালন সাঁই রচিত গানগুলো বাংলার জনপদে প্রত্যেক ঘরে ঘরে এখনো বেজে থাকে। তাঁর গানগুলো সবার পছন্দ।

অতিরিক্ত জেলা প্রশাসক মো. মহিনুল হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের পরিচালক ড. এম.এ. মান্নান এবং অতিরিক্ত জেলা প্রশাসক মোহা. সবুর আলী।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, জেলা শিল্পকলা একাডেমির শিল্পীরা, লালনের ভক্তবৃন্দ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে একইস্থানে লালনের গান পরিবেশন করা হয়।

...............................................
আলীম/তৌহিদ/শারমিন/২০২৫/২০:৩০ঘ.